



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

আইন বিভাগ, বোর্ড সচিবালয়

ওয়ান্ডা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০, ফোনঃ ৪৭১১২৫৭৮, ইমেইলঃ dd.legal.bwdb@gmail.com

স্মারক নং-১২৩৩-পাউবো/সচি/আইন/শা-২/লি-৫৬৫/১৯৯৮ (৩য় খন্ড)

তারিখ: ২৭ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ  
১২ নভেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

### সার্কুলার

গত ১৬/১০/২০১৯ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের চলমান এবং নিষ্পত্তিকৃত মামলাসমূহের বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয় কর্তৃক কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত প্রদান করা হয়। এ বিষয়টি উপরিউক্ত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর ৮নং ক্রমিকের সিদ্ধান্তে বর্ণিত হয়েছে। উক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত বিষয়সমূহ যথাযথভাবে প্রতিপালনের লক্ষ্যে মাঠ পর্যায়ের নির্বাহী প্রকৌশলীগণের প্রতি অনুরোধ জ্ঞাপন করা হলো:

(ক) বোর্ডের অনুকূলে অধিগ্রহণকৃত ভূমির স্বত্ব ঘোষণা-সংক্রান্ত মামলার রায় বোর্ডের পক্ষে হওয়ার সাথে সাথেই উক্ত ভূমির সীমানা চিহ্নিতপূর্বক কাটাতারের বেড়া নির্মাণ এবং ভূমির তফসিলসহ মালিকানা সংবলিত সাইনবোর্ড স্থাপন করতে হবে।

(খ) কোন আদালতের রায় ও আদেশ প্রতিপালনের লক্ষ্যে কোন কার্যক্রম গ্রহণ করতে হলে তা যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

(গ) বোর্ডের অনুকূলে অধিগ্রহণকৃত জমিতে কোন ব্যক্তি অনুপ্রবেশপূর্বক অবৈধভাবে দখলের অপচেষ্টায় লিপ্ত হলে উক্ত অবৈধদখল প্রক্রিয়ার ডিডিও/অডিও/ছবি ডকুমেন্টেশন হিসেবে সংরক্ষণ করতে হবে।

(ঘ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মাঠপর্যায়ের মামলাসমূহ পরিচালনায় নিয়োজিত বিজ্ঞ আইনজীবীদেরকে 'জেলা পানি ব্যবস্থাপনা কমিটি'- এর সভায় উপস্থিত হয়ে মামলার হালনাগাদ অবস্থার প্রতিবেদন দাখিল করতে হবে।

(ঙ) 'জেলা পানি ব্যবস্থাপনা কমিটি'- তে সংশ্লিষ্ট জেলার সরকারি কৌশুলি (জিপি) ও পাবলিক প্রসিকিউটর (পিপি)- কে অন্তর্ভুক্তকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২। এ সার্কুলার জারির বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

(মো: হাইফুল ইসলাম)

উপপরিচালক (আইন বিষয়ক)

বাপাউবো, ঢাকা।

#### অনুলিপি:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

#### বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চীফ মনিটরিং/চীফ প্ল্যানিং/প্রধান প্রকৌশলী (সকল), ....., বাপাউবো, .....
- ২। প্রকল্প পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), ....., বাপাউবো, .....
- ৩। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং- এর দপ্তর, বাপাউবো, ঢাকা। সার্কুলারটি বাপাউবো- এর ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৫। নির্বাহী প্রকৌশলী (সকল), ....., বাপাউবো, .....
- পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয় প্রদত্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে জারিকৃত উপরিউক্ত নির্দেশনাসমূহ প্রতিপালনপূর্বক যথাসময়ে আইন বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিচালনা)/ সচিব, বাপাউবো, ঢাকা।